সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা- ২০১৮

শ্রেণি: দশম

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনি)

বিষয় কোড : ১৫০

সময় : ৩০ মিনিট　　　　পূর্ণমান : ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। সরকার কাকে প্রধান করে ১৯৭২ সালে শিক্ষা কমিশন প্রণয়ন কমিটি গঠন করে?

(ক) ড. মুহাম্মদ এনামুল　(খ) ড. কুদরত-ই-খুদা

(গ) ড. মুনীর চৌধুরী　(ঘ) আবুল কালাম শামসুদ্দীন

২। ১৯৭১ সালের এপ্রিল মাসের কত তারিখে মুজিবনগর সরকার গঠন করা হয়?

(ক) ১০　(খ) ১৫

(গ) ১৬　(ঘ) ১৭

৩। মুক্তিযুদ্ধে মুজিব বাহিনী গঠিত হয়েছিল মূলত কাদের নিয়ে?

(ক) ব্যবসায়ী　(খ) শিল্পী

(গ) ছাত্র-ছাত্রী　(ঘ) শিক্ষক

৪। মন্ত্রিপরিষদ শাসিত সরকার ব্যবস্থা পুনঃপ্রবর্তিত হয় সংবিধানের কত তম সংশোধনীর মাধ্যমে?

(ক) দ্বাদশ　(খ) ত্রয়োদশ

(গ) পঞ্চদশ　(ঘ) ষষ্ঠদশ

৫। ১৯৭১ সালের গঠিত প্রথম বাংলাদেশে সরকার মূলত করেন-

i) জনমত গঠন　ii) শাসন কাজ পরিচালনা

iii) মুক্তিযুদ্ধ পরিচালনা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

৬। বাংলাদেশ সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে 'ন্যায়পাল' পদ সৃষ্টির কথা উল্লেখ আছে?

(ক) ৫৩　(খ) ৬৫

(গ) ৭৭　(ঘ) ৯২

৭। শিক্ষা ক্ষেত্রে আমূল পরিবর্তন এনেছে-

(ক) শেণিকক্ষে পাঠদানে Multimedia ব্যবহার

(খ) সৃজনশীল মূল্যায়ন ব্যবস্থা

(গ) সবার জন্য শিক্ষা কার্যক্রম

(ঘ) জাতীয় শিক্ষানীতি- ২০১০

৮। কোন দু'টি গ্রহের মধ্যবর্তী দূরত্ব অপেক্ষাকৃত কম ?

(ক) পৃথিবী ও মঙ্গল　(খ) মঙ্গল ও বৃহস্পতি

(গ) পৃথিবী ও বৃহস্পতি　(ঘ) বৃহস্পতি ও শনি

৯। পৃথিবীর উত্তর-দক্ষিণে উভয় মেরুর মধ্য দিয়ে গমনকারী রেখাগুলো মূলত-

i) মধ্যরেখা　ii) অর্ধবৃত্ত　iii) দৈর্ঘ্য সমান

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১০। পৃথিবী ১ ঘন্টা সময়ে সূর্যকে কত কি. মি. প্রদক্ষিণ করে?

(ক) ৩০　(খ) ১৮০০

(গ) ৩৬০০　(ঘ) ১০৮০০০

১১। যশোর থেকে সিলেটের সময়ের ব্যবধান ১২ মিনিট। যশোরের দ্রাঘিমা ৮৮ ডিগ্রী পূর্ব হলে সিলেটের দ্রাঘিমা কত ডিগ্রী পূর্ব?

(ক) ৮৫　(খ) ৯০

(গ) ৯১　(ঘ) ৯২

১২। ২১ জুন সূর্য কোন রেখায় লম্বভাবে কিরণ দেয়?

(ক) কর্কটক্রান্তি রেখায়　(খ) মকরক্রান্তি রেখায়

(গ) নিরক্ষ রেখায়　(ঘ) সুমেরু বৃত্তে

১৩। যমুনা কোন নদীর শাখা?

(ক) করতোয়া　(খ) কর্ণফুলী

(গ) মেঘনা　(ঘ) ব্রক্ষ্মপুত্র

১৪। নিচের কোনটি নবায়ন যোগ্য শক্তি সম্পদ?

(ক) বনজ বৃক্ষ　(খ) মৌসুমি বায়ু

(গ) জল বিদ্যুৎ　(ঘ) প্রাকৃতিক গ্যাস

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :

খরা পীড়িত রাজশাহীর ছেলে সামী তার মামার বাড়ি সিলেটে গিয়ে দেখে চলতি বর্ষা মৌসুমে সিলেটের অনেক জায়গা বর্ষায় প্লাবিত হয়েছে এবং স্থানীয় জন-জীবনকে বিপর্যস্থ করেছে। সামীর মতে এ অবস্থা বেশি দিন থাকে না।

১৫। সামীর এলাকায় বিরাজমান সমস্যা সমাধানে কার্যকরী পদক্ষেপ হল-

(ক) বৃক্ষ রোপণ　(খ) কর্মসংস্থান সৃষ্টি

(গ) সরকারি উদ্যোগ　(ঘ) পানি ব্যবস্থাপনা

১৬। সাথীর এলাকায় ইউরোপের দেশগুলো থেকে সহজ লভ্য হল-

i) সৌর সম্পদ　ii) জলবায়ু গত দিক

iii) জন সম্পদ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৭। জনগণের সার্বভৌম ক্ষমতার প্রয়োগ ঘটে কোন প্রক্রিয়ার মধ্য দিয়ে?

(ক) আইনের শাসন　(খ) অবাধ নির্বাচন

(গ) সার্বজনীন শিক্ষা　(ঘ) তথ্য প্রাপ্তি

১৮। সৃজনশীল নেতৃত্বের সমন্বয়ে গড়ে ওঠে-

(ক) জন প্রতিনিধি　(খ) রাজনৈতিক দল

(গ) বিশ্ব জনমত　(ঘ) নির্বাচনী বিধি

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :

ছয়ঘরিয়া গ্রামের পাপু একটি এনজিও এর মাধ্যমে প্রশিক্ষণ নিয়ে ব্যাংক ঋণের টাকা দিয়ে ফল চাষে ব্যাপক সফলতা পেয়েছে। পরবর্তীতে সে ব্যবসার জন্য অন্য একটি ব্যাংক থেকে ঋণ নেয়।

১৯। পাপু প্রথমে কোন ব্যাংকে থেকে ঋণ নিয়েছে?

(ক) কৃষি (খ) সোনালী

(গ) রূপালী (ঘ) গ্রামীণ ব্যাংক

২০। পাপুকে ঋণদানকারী ব্যাংক-

i) বাণিজ্যিক ii) কেন্দ্রীয় iii) বিশেষ আর্থিক প্রতিষ্ঠান

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১। মেডিকেল কলেজে কত শতাংশ নারী শিক্ষার্থী?

(ক) ২৫ (খ) ২৬

(গ) ২৭ (ঘ) ২৯

২২। যেসব শিল্পকে কেন্দ্র করে বস্তি গড়ে উঠে-

i) কুটির শিল্প ii) পোশাক শিল্প iii) চামড়া শিল্প

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩। বাংলাদেশ সরকারের আয়ের উৎস হিসেবে কোনটি প্রগতিশীল?

(ক) বাণিজ্য শুল্ক (খ) আয়কর

(গ) আবগারি শুল্ক (ঘ) মূল্য সংযোজন কর

২৪। নলতা গ্রামে শিল্পপতি, কলেজ শিক্ষক ও শ্রমজীবী মানুষের বসবাস- এখানে সামাজিক পরিবর্তনের কোন উপাদান অধিক কার্যকর ?

(ক) প্রযুক্তি (খ) শিল্পায়ন

(গ) জলবায়ু (ঘ) শিক্ষা

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :

জমিলা, রাহেলা ও মর্জিনাদের মত স্বল্প শিক্ষিত বা অশিক্ষিত নারীরা শহরমুখী হচ্ছে কাজের আশায়। তারা পেশা হিসাবে বেছে নিচ্ছে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কাজকর্ম।

২৫। উদ্দীপকের জমিলা, রাহেলা ও মর্জিনাদের শহরমুখী হওয়া থেকে প্রমাণিত হয়-

i) অসহায় মেয়েদের নিজের পায়ে দাঁড়ানো

ii) মেয়েদের সচেতন হওয়া iii) নারীর ক্ষমতায়ন হওয়া

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। বর্তমানে আমাদের দেশের সামাজিক পরিবর্তনের মূল কারণ কী?

(ক) নগরায়ন ও শিল্পায়ন (খ) অর্থনৈতিক স্বচ্ছলতা

(গ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন (ঘ) প্রযুক্তি নির্ভর জীবন

২৭। সামাজিক মূল্যবোধ অবক্ষয়ের ফল হল-

(ক) প্রযুক্তির বিকাশ (খ) শিক্ষার উন্নয়ন

(গ) সামাজিক অসঙ্গতি (ঘ) সড়ক দূর্ঘটনা বৃদ্ধি

২৮। মনি ৫ম শ্রেণির শিক্ষার্থী। তার বাবা মজুরি খাটে এবং মা অপরের বাড়িতে দৈনিক হাজিরাতে কাজ করে। মনি ছুটির দিনে প্রতিবেশীর বাড়িতে বিকাল ৪'টায় ৫০ টাকার জন্য কাজ করতে যায়। গৃহকর্তা মনিকে দিয়ে কয়টা পর্যন্ত কাজ করাতে পারবেন?

(ক) বিকাল ৫টা (খ) বিকাল ৬টা

(গ) সন্ধ্যা ৭টা (ঘ) রাত ৮টা

২৯। আশা একটি প্রতিষ্ঠানের সদস্য, যেটি নিয়মতান্ত্রিক উপায়ে ক্ষমতা অর্জনের মাধ্যমে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন করে। আশার প্রতিষ্ঠানটির প্রধান কাজ কোনটি?

(ক) সরকার গঠন (খ) জনমত সৃষ্টি

(গ) নির্বাচন করা (ঘ) নেতৃত্ব সৃষ্টি

৩০। বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্ণ হবে কত সালে?

(ক) ২০২০ (খ) ২০২১

(গ) ২০৪১ (ঘ) ২০৪৩

সেট ক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর

প্রাক্-নির্বাচনি পরীক্ষা - ২০১৮

শ্রেণি - দশম

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)

বিষয় কোড: ১৫০

সময়: ২ঘন্টা ৩০মিঃ **পূর্ণমান: ৭০**

[বিশেষ দ্রষ্টব্যঃ- যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও]

১। গত শতাব্দীর আশির দশকের প্রথম সাল। আদিব তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সে সীমান্ত পার হয়ে প্রতিবেশি দেশের প্রশিক্ষণ শিবিরে প্রশিক্ষণ গ্রহণ করে দেশের জন্য যুদ্ধে অংশ নেয়। খুলনা থেকে মন্টু, সাতক্ষীরা থেকে মুনির, যশোর থেকে তন্ময় এবং আরও অনেকে সেখানে জড় হয়েছে । দেশ স্বাধীন হওয়ার পর আদিবের কয়েকজন বন্ধুর আর খোঁজ মেলেনি ।

ক) ইনডেমনিটি অর্ডিন্যান্স কী ? ১

খ) অর্থনৈতিক ভাবে সমৃদ্ধ করার জন্য বঙ্গবন্ধুর সরকারের প্রণীত পরিকল্পনা ব্যাখ্যা কর। ২

গ) আদীব যে যুদ্ধে অংশ নিয়েছিল তা- ব্যাখ্যা কর। ৩

ঘ) উপরোক্ত যুদ্ধ ছাড়া অন্য আন্দোলনে ও উক্ত শ্রেণীর মানুষের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ—বিশ্লেষণ কর। ৪

২। সাইদ সাহেব পত্রিকায় একটি কলাম দেখছিলেন। একটি যুদ্ধকে সঠিকভাবে পরিচালনার জন্য একটি সরকার গঠন করা হয়েছিল যা 'অ' ও 'আ' নামে দুটি বাহিনীর বিরুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরও পড়ছিলেন, ঐ যুদ্ধে প্রতিবেশীদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল।

ক) ১৯৭২ সালের সংবিধানের একটি বৈশিষ্ট্য লিখ। ১

খ) মুক্তিযুদ্ধে গণমাধ্যমের ভূমিকা উল্লেখ কর। ২

গ) সাইদ সাহেব পত্রিকায় যে সরকারের কথা পড়েন তা- ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের যুদ্ধ বিশ্বের নিপীড়িত স্বাধীনতাকামী জনগণকে অনুপ্রাণিত করে। উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং তদসংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র-১

ক) কেন্দ্রাতিগ শক্তি কী? ১

খ) 'দ্রাঘিমা ভিত্তিক সময়' ব্যাখ্যা কর। ২

গ) চিত্র-১ এ নির্দেশিত 'ই' অবস্থানে দিবা-রাত্রির হ্রাস-বৃদ্ধির উক্ত ঘটনাটি-ব্যাখ্যা দাও। ৩

ঘ) ঋতু পরিবর্তনের ক্ষেত্রে 'অ' অবস্থান 'আ' অবস্থানের বিপরীত অবস্থায় আছে-বিশ্লেষণ কর। ৪

৪। আলিফ বিজ্ঞান মেলায় গিয়ে সৌরজগতের একটি মডেল দেখতে পায়। সে জানতে পারে, পৃথিবীর কাছাকাছি অবস্থিত দুটি গ্রহের মধ্যে একটির কোন উপগ্রহ নেই ও অন্যটির দুটি উপগ্রহ রয়েছে। সে আরও জানতে পারল যে, সৌরজগতের আটটি গ্রহের মধ্যে কেবলমাত্র একটি গ্রহেই প্রাণের অস্তিত্ব রয়েছে।

ক) গুরুমন্ডল কাকে বলে? ১

খ) আন্তর্জাতিক তারিখ রেখা বলতে কী বোঝায়? ২

গ) আলিফের দেখা যে গ্রহের কোন উপগ্রহ নেই তার ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত অপর গ্রহ দু'টির তুলনামূলক আলোচনা কর। ৪

৫। খুলনা থেকে শিক্ষা সফরে কক্সবাজার যাওয়ার পথে অলির দুটি নদীর কথা বিশেষভাবে মনে পড়ে। একটি কুষ্টিয়া হয়ে পূর্বাঞ্চলের প্রধান নদী। অন্যটি উত্তর আরকান পাহাড় থেকে নির্গত হয়ে বান্দরবানের থানচি উপজেলা দিয়ে গিয়ে বঙ্গোপসাগরে পড়েছে।

ক) জল বিদ্যুৎ কাকে বলে ? ১

খ) বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত বনের ব্যাখ্যা কর। ২

গ) অলির দেখা প্রথম নদীর গতিপথ ব্যাখ্যা কর। ৩

ঘ) অলির দেখা দ্বিতীয় নদী 'বাংলাদেশের অর্থনীতির প্রাণ'- বিশ্লেষণ কর। ৪

৬। দক্ষিণ আফ্রিকা ফেরত 'A' দেশে ফিরে অসুস্থ হয়ে পড়ে। 'A' আস্তে আস্তে দুর্বল হয় এবং ওজন কমতে থাকে। 'A' এর শরীরে রক্ত পরীক্ষা মারফত ১টি রোগের জীবাণু ধরা পড়ে।

ক) বাংলাদেশের জাতীয় স্বাস্থ্যনীতির অন্যতম লক্ষ্য কী? ১

খ) শিশু শ্রমের প্রধান কারণটি ব্যাখ্যা কর। ২

গ) 'A' এর আক্রান্ত রোগের কারণ চিহ্নিত কর। ৩

ঘ) 'A' এর প্রতি আমাদের সকলের সহানুভূতি প্রয়োজন- উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

৭। আজিজ একজন শিক্ষিত বেকার যুবক। সে একটি বিশেষায়িত ব্যাংক থেকে ঋণ নেয়। ঋণের টাকা দিয়ে সে মাছ চাষ এবং কিছু ফলজ বৃক্ষের বাগান করে। আজিজের ভাই মোবারক অন্য একটা ব্যাংকে চাকুরি করে যাকে সর্বশেষ পর্যায়ের ঋণদাতা বলা হয়।

ক) সম্পূরক শুল্ক কাকে বলে ? ১

খ) ক্লিয়ারিং হাউজ বলতে কী বোঝায় ? ২

গ) আজিজ যে ব্যাংক থেকে ঋণ নিয়েছে তার অন্যতম প্রধান কাজটি- ব্যাখ্যা কর। ৩

ঘ) মোবারকের চাকুরীরত প্রতিষ্ঠান দেশের আর্থিক খাতের ভারসাম্য রাখতে অবদান রাখে- মূল্যায়ণ কর। ৪

৮। নারায়নগঞ্জের অধিবাসী সুমিদের বাড়ির চারপাশে অনেক কলকারখানা গড়ে উঠেছে । তাদের এলাকার মানুষ কলকারখানায় উৎপাদন কাজে নিয়োজিত। এলাকার ঘরবাড়ি গুলো আগের তুলনায় অনেক ভাল। প্রায় বাড়ি ঘর ইটের তৈরি। এলাকার জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। অন্য একটা বিশেষ জ্ঞানের প্রয়োগের ফলে সমাজে প্রত্যক্ষ ও পরোক্ষ ফলাফল দেখা যায়।

ক) সামাজিক পরিবর্তন সম্পর্কে কিংসলে ডেভিসের সংগাটি লিখ। ১

খ) নারী শিক্ষা সম্প্রসারণে বাংলাদেশ সরকারের একটি পদক্ষেপ- ব্যাখ্যা কর । ২

গ) সুমিদের এলাকায় সামাজিক পরিবর্তনে যে উপাদানটি লক্ষ্য করা যায় তা- ব্যাখ্যা কর । ৩

ঘ) উদ্দীপকের শেষ বাক্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। নিচের ছকটি লক্ষ্য কর এবং তদসংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :

ক্রমিক নং	ছক	**বিবরণ**
১.	A	ঋণপরিশোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, স্বাস্থ্যসেবা প্রদান
২.	B	খাজনা আদায়, টোল ও লেভি, আয়কর

ক) স্বকর্মসংস্থান কী? ১

খ) অধ্যাপক ডাল্টন প্রদত্ত সরকারী অর্থব্যবস্থা ব্যাখ্যা কর। ২

গ) সরকারের আয়-ব্যায় সংক্রান্ত 'A' নির্দেশক খাতটি ব্যাখ্যা কর। ৩

ঘ) "সরকারি কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য 'B' নির্দেশক খাত প্রয়োজনীয়"- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

১০। ধনী বাবার ছেলে 'A' শহরের নামকরা স্কুলের দশম শ্রেণির ছাত্র। ব্যবসায়িক কাজে তার বাবা-মা সারাক্ষণ কর্মব্যস্ত থাকে কাজের চাপে ছেলের পড়াশুনার খোঁজ খবর নিতে পারেন না। পড়াশোনায় ভালো হলেও ইদানিং সে স্কুল ফাঁকি দেয়, রাস্তার মোড়ে আড্ডা দেয় এবং বন্ধুদের সাথে নেশা করাসহ চাঁদাবাজিতে অংশ নেয় । শোনা যায়, 'A' এর বাবা চাকুরীকালে অবৈধভাবে অনেক বিত্ত বৈভবের মালিক হয়।

ক) নৈরাজ্য কী ? ১

খ) নারী ও শিশু পাচার বলতে কী বোঝায় ? ২

গ) 'A' যে ধরনের অপরাধের সাথে জড়িত- তার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) 'A' এর বাবার কৃত অপরাধ রোধে দারিদ্র্য বিমোচন অপেক্ষা গণমাধ্যমের ভূমিকা অধিক কার্যকর- বিশ্লেষণ কর। ৪

১১। এবারের ঈদের সময় ১ সপ্তাহে রাস্তায় ১৩৪ জনের তাজা প্রাণ ঝরে গেল এবং আহত হল শতাধিক। আহতরা পঙ্গুত্ব বরণ করে মানবেতর জীবনযাপন করছে। হতাহত হওয়া পরিবারগুলো এ অবস্থার শিকারে দিশেহারা। এমন অবস্থা থেকে দেশবাসী পরিত্রাণ চায়।

ক) মূল্যবোধ কাকে বলে? ১

খ) নারীর জীবনে জটিল ও ভয়াবহ সামাজিক সমস্যার প্রভাব লিখ। ২

গ) উদ্দীপকে নির্দেশিত সামাজিক সমস্যার কারণ চিহ্নিত কর। ৩

ঘ) 'উদ্দীপকের শেষোক্ত বাক্যের আকাঙ্খা পূরণে সকলের করণীয় আছে'- বিশ্লেষণ কর। ৪